দৈনিক ইত্তেফাক

তারিখ ... OCT 1 0 1999 ... ...
পৃঃ ৩ কলাম ৪ ......

# দিনাজপুরে নিরক্ষর জনগোষ্ঠীকে অক্ষরজ্ঞান দানের পরিকল্পনা

দিনাজপুর সংবাদদাতা ॥ সম্প্রতি জেলা প্রশাসক আজিজুর রহমানের সভাপতিত্বে স্থানীয় এবং জাতীয় পত্রিকা ও গণমাধ্যমের সাংবাদিকদের মধ্যে সার্বিক সাক্ষরতা আন্দোলন "আলোর দিশারী" সম্পর্কে এক মত-বিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জেলা প্রশাসক বলেন, টি এল এম কর্মসূচীর মাধ্যমে ১১ হইতে ৪৫ বৎসরের নিরক্ষর জনগোষ্ঠিকে স্বাক্ষর জ্ঞান দিয়া গড়িয়া তোলা হইবে।

জেলার ১৩টি থানা ও ৫টি পৌরসভার মধ্যে প্রথম ধাপে ৪টি থানা ও ২টি পৌরসভা, দ্বিতীয় ধাপে ৩টি থানা ও তৃতীয় ধাপে অবশিষ্ট ৬টি থানা ও ৩টি পৌরসভা এই কার্যক্রমের আওতাভুক্ত করা হইবে। তিনি বলেন, বেইস লাইন সার্ভে রিপোর্ট অনুযায়ী ১৩ থানা ও ৫ পৌরসভার মোট শিক্ষার্থী ৫ লক্ষ ১৩ হাজার ১ শত ১১ জন। কেন্দ্র সংখ্যা হইবে ১৭ হাজার ১ শত ৩টি। শিক্ষক সংখ্যা হইবে ১৭ হাজার ১ শত ৩ জন, সুপার ভাইজার সংখ্যা ১ হাজার ১ শত ৪০ জন। অনুমোদিত বাজেট বরাদ্দ ৮ কোটি ৩ লক্ষ ৯৮ হাজার ৭৪ টাকা। প্রথম কিস্তিতে প্রাপ্ত বরাদ্দ ৫০ লক্ষ টাকা। '৯৯ সালের জুলাই পর্যন্ত ব্যয় হইয়াছে ৩ লাখ ১৯ হাজার ৫ শত ৪০ টাকা।

১৩টি থানা ও ৫টি পৌরসভার বেইস লাইন সার্ভের কার্যক্রম শেষ হইয়াছে এবং সেই অনুযায়ী প্রায় ১৭ কোটি টাকার সংশোধিত নূতন বাজেট প্রস্তাব অনুমোদনের জন্য উপানুষ্ঠানিক শিক্ষা-অধিদপ্তরে প্রেরণ করা হইয়াছে।

জেলা থানা ও ইউনিয়ন পর্যায়ে র‍্যালী অনুষ্ঠান, সিনেমা স্লাইড এবং পত্রিকার মাধ্যমে আলোর দিশারী দিনাজপুরের কার্যক্রমে জনগণকে অংশ নেওয়ার আহ্বান জানানো হইয়াছে।